গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড,ঢাকা
http://www.dwa.gov.bd

**স্মারক নম্বর:** ৩২.০১.০০০০.০০০.০০৫.০২.০০০৩.২৪.৭

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩
২৯ জুলাই ২০২৬

বিষয়: **নিবন্ধিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে ২০২৬- ২০২৭ অর্থবছরের অনুদান বিতরণের লক্ষ্যে আবেদনপত্র গ্রহণ ও প্রেরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে ২০২৬- ২০২৭ অর্থবছরের অনুদান বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়েছে। স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে অনুদান বিতরণ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনাবলী ও বিজ্ঞপ্তির কপি সংযুক্ত করা হলো। অনুদান বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তির কপি উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের ওয়েব সাইটে আপলোড ও নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো।

আগামী ১৫/১১/২০২৬ তারিখের মধ্যে ঘূর্ণায়মান অনুদানের জন্য ভালমানের কমপক্ষে ৫টি এবং সাধারণ অনুদানের আবেদনপত্র জেলা কমিটির সুপারিশসহ সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে। উক্ত তারিখের পরে সাধারণ ও ঘূর্ণায়মান অনুদানের আবেদনপত্র সদর কার্যালয়ে গ্রহণ করা হবে না এবং প্রাপ্ত আবেদন অনুদানের জন্য বিবেচনা করা হবে না। সদর কার্যালয়ে বিলম্বে অনুদানের আবেদন পত্র ও তালিকা পৌঁছানোর ফলে কোন সমিতির অনুদান না পাওয়া জনিত কারণে উদ্ভূত সমস্যার জন্য সংশ্লিষ্ট উপপরিচালক/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা দায়ী থাকবেন। স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে অনুদান বিতরণ নীতিমালা,২০২৪ অনুযায়ী স্বেচ্ছাধীন অনুদানের আবেদন ফেব্রুয়ারি'২০২৭ মাস পর্যন্ত গ্রহণ ও প্রেরণ করা যাবে। কার্যক্রমবিহীন, নিষ্ক্রিয় ও অস্তিত্ববিহীন সমিতি অনুদানের জন্য সুপারিশ করা যাবেনা।

উল্লেখ্য, অনুদানের আবেদনপত্র প্রেরণের জন্য আবেদনকৃত সমিতির নাম, ঠিকানা, রেজি স্ট্রেশন নম্বর ও তারিখ সঠিকভাবে উল্লেখ করতে হবে। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে আপনার জেলাধীন **৩০ জুন ২০২৬ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমিতির হালনাগাদ তালিকা হার্ডকপি ও সফট কপি ইউনিকোড ফন্টে** dd.dwa.reg.@gmail.com এই মেইলে প্রদানপূর্বক সদর কার্যালয় হতে অনুদানের আবেদন ফরম সংগ্রহের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, অনুদানের আবেদন ফরম মহিলা বিষয়ক অধিদপ্তরের website: www.dwa.gov.bd হতেও ডাউনলোড করা যাবে।

**বিষয়টি জনগুরুত্বপূর্ণ।**

**সংযুক্তিসমূহঃ**
(১) ২০২৬-২০২৭ অর্থবছরের নির্দেশনাবলী সমূহ
(২) পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি

২৯-০৭-২০২৬
মর্জিনা ইয়াসমিন
উপ পরিচালক

উপপরিচালক (সকল) জেলা পর্যায় ( আপনার অধীনস্থ সকল উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের অবহিত করার জন্য অনুর
োধ করা হলো)।

**স্মারক নম্বর:** ৩২.০১.০০০০.০০০.০০৫.০২.০০০৩.২৪.৭/১ (৫)

১৪ শ্রাবণ ১৪৩৩
তারিখ: ২৯ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব (মহোদয়ের সদয় অবগতির জন্য), মন্ত্রীর দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

২। সচিবের একান্ত সচিব (মহোদয়ের সদয় অবগতির জন্য ), সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

৩। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (ওয়েব সাইট) (ওয়েবসাইটে দেওয়ার অনুরোধসহ), উপ-পরিচালক (ম্যাজিঃ), ঢাকা বিভাগীয় কার্যাল য়, মহিলা বিষয়ক অধিদপ্তর।

৪। ব্যাক্তিগত সহকারী ( মহোদয়ের সদয় অবগতির জন্য), মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর।

৫। ব্যাক্তিগত সহকারী ( মহোদয়ের সদয় অবগতির জন্য), পরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর।

২৯-০৭-২০২৬
মর্জিনা ইয়াসমিন
উপ পরিচালক